



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

ailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৩০ জানুয়ারি ২০১৯

### প্রেস বিজ্ঞপ্তি

## লক্ষীছড়ি উপজেলা চেয়ারম্যান সুপার জ্যোতি চাকমাকে গ্রেফতারের নিন্দা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর লক্ষীছড়ি-মানিকছড়ি-মাটিরঙ্গা-গুইমারা এলাকার প্রধান সংগঠক সচিব চাকমা আজ বুধবার, ৩০ জানুয়ারি ২০১৯ সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে লক্ষীছড়ি উপজেলা চেয়ারম্যান সুপার জ্যোতি চাকমাকে আটকের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন এবং অবিলম্বে তার নিঃশর্ত মুক্তির দাবি করেছেন।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা বলেন, গতকাল মঙ্গলবার রাত ৯টার দিকে লক্ষীছড়ি সদর এলাকার দিক থেকে মোটর সাইকেলযোগে যাবার পথে সেনাজোন এলাকায় তার মোটর সাইকেল গতিরোধ করে নিরাপত্তা বাহিনীর সদস্যরা তাকে গ্রেফতার করে এবং জোনে নিয়ে গিয়ে শারীরিক নির্যাতন চালায়। এরপর তাকে থানায় হস্তান্তর করা হয়।

তিনি উদ্বেগ প্রকাশ করে বলেন, পার্বত্য চট্টগ্রামে অন্যায় ধরপাকড় ও নিপীড়ন-নির্যাতনের মাত্রা এমন পর্যায়ে পৌঁছেছে যে নির্বাচিত জনপ্রতিনিধি ও সাধারণ মানুষ পর্যন্ত এর থেকে রেহাই পাচ্ছেন না। প্রতিনিয়ত অন্যায়ভাবে কাউকে না কাউকে গ্রেফতার, রাত-বিরাতে ঘরবাড়ি তল্লাশিসহ জনগণের উপর নানা অত্যাচার চালানো হচ্ছে। ফলে জনগণ এখন চরম নিরাপত্তাহীনতার মধ্যেই দিনযাপন করতে বাধ্য হচ্ছেন।

বিবৃতিতে তিনি অবিলম্বে সুপার জ্যোতি চাকমাকে নিঃশর্ত মুক্তি ও অন্যায় ধরপাকড়সহ জনহয়রানিমূলক কর্মকাণ্ড বন্ধের জন্য সরকারের প্রতি আহ্বান জানান।

উল্লেখ্য, এর আগে ২০১৭ সালের ১ জানুয়ারি নিরাপত্তা বাহিনীর সদস্যরা সুপার জ্যোতি চাকমাকে তার সরকারি বাসভবন থেকে অস্ত্র গুঁজে দিয়ে গ্রেফতার করে ও অমানুষিক শারীরিক নির্যাতন চালায়। সে সময় দীর্ঘ ১ মাস কারাভোগের পর তিনি থেকে জামিনে মুক্তিলাভ করেন।

কারাগার থেকে মুক্তির পরও তিনি নিরাপত্তাবাহিনীর বিভিন্ন হুমকি ও চাপের মধ্যে ছিলেন। ইতিমধ্যে তার বিরুদ্ধে হয়রানিমূলক একাধিক মিথ্যা মামলা দেওয়া হয়।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।